

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ইনোভেশন টিমের ডিসেম্বর, ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ডিসেম্বর, ২০১৮ মাসের ইনোভেশন টিমের সভা গত ১৭-১২-২০১৮ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় বিপিআই এর ইনোভেশন অফিসার পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব সানজিদা সোবহান এর সভাপতিত্বে অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:-


- ১। বেগম আমিনা নাসরীন, বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও), বিপিআই, ঢাকা।
- ২। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ৩। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে ইনোভেশন অফিসার সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সভার প্রারম্ভে পূর্বের সভার কার্যবিবরণীতে ২নং ক্রমিকে সংশোধনীর প্রয়োজন আছে মর্মে সভায় জানানো হয়।	গত সভার ক্রমিক নং ২-এর সিদ্ধান্ত নিম্নরূপ সংশোধন হয় : বিপিআই এর ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রাপ্ত কোর্সের কনটেন্টগুলি ১২-১২-২০১৮ তারিখে বিপিআই এর ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত ছুটির বিবরণীর সফটওয়্যার তৈরীর চাহিদা পত্র দেয়া হয়েছে। প্রয়োজনীয় প্রক্রিয়াকরণ করা হচ্ছে। উপরোক্ত সংশোধনীসহ ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী দৃঢ় করণ করা হয়।	সহকারী পরিচালক, প্রশাসন শাখা
২।	বিপিআই-এর কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটির বিবরণীর সফটওয়্যার তৈরীর লক্ষ্যে কোর্টেশন আন্ধান করা হয়েছে মর্মে সভায় বলা হয়।	বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত ছুটির বিবরণীর সফটওয়্যার তৈরীর ও স্থাপনের কার্যাদি গুরুত্ব সহকারে সম্পাদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক, ভান্ডার শাখা
৩।	বিপিআই-এর অফিস ভবনের দৃশ্যমান স্থানে প্রতিষ্ঠানের নাম সম্বলিত ফলক/সাইন বোর্ড স্থাপনের বিষয়ে কয়েকজন ভেস্তারের সাথে যোগাযোগ করা হয়েছে এবং আগামী ১(এক) মাসের মধ্যে তৈরী করা হবে মর্মে সভায় আলোচনা হয়।	বিপিআই-এর অফিস ভবনের দৃশ্যমান স্থানে প্রতিষ্ঠানের নাম সম্বলিত ফলক/সাইন বোর্ড ১(এক) মাসের মধ্যে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক, ভান্ডার শাখা
৪।	জরুরী প্রয়োজনে ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর সমূহ বোর্ডে তৈরী করে দৃশ্যমান স্থানে দ্রুত স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	জরুরী প্রয়োজনে ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর সমূহ বোর্ডে তৈরী করে দৃশ্যমান স্থানে দ্রুত স্থাপনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক, ভান্ডার শাখা

৫।	নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এক দিনের ওরিয়েন্টেশন/কর্মশালা, ২দিনের প্রশিক্ষণের ব্যবস্থার করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া উক্ত বিষয়ে ৫দিনের প্রশিক্ষণের জন্য ৩জন কর্মকর্তাকে মনোনয়ন দিয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র লেখার জন্য সভায় বলা হয়।	নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এক দিনের ওরিয়েন্টেশন/কর্মশালা, ২দিনের প্রশিক্ষণের উদ্যোগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ৫দিনের প্রশিক্ষণের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) ২। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) ৩। সহকারী পরিচালক, প্রশাসন শাখা
৬।	ইনোভেশন শোকেসিং এর বিষয়টি প্রশিক্ষণের রুটিনে কেইস হিসেবে রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।	বিপিআই-এ অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে ইনোভেশন শোকেসিং এর বিষয়টি প্রশিক্ষণের রুটিনে কেইস স্টাডি হিসেবে রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (সানজিদা সৌবহান)
 পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)

ও
 ইনোভেশন অফিসার, বিপিআই, ঢাকা।
 Email: dir@bpi.gov.bd

তারিখ: ২৬ ডিসেম্বর, ২০১৮
 ২২ পৌষ, ১৪২৫

নং-২৮.০৪.০০০০.০০৩.০৬.০০৬.১৩- ২০১২

বিতরণ :সদয় জ্ঞাতার্থে :

- ১। সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, এটুআই
আইসিটি টাওয়ার
ই-১৪, বিসিসি ভবন
আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বিপিআই, ঢাকা।

কার্যার্থে :

- ১। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা(এসএসও)
- ২। বেগম আমিনা নাসরীন, বৈজ্ঞানিক কর্মকর্তা (এস.ও), বিপিআই, ঢাকা।
- ৩। বেগম দিলারা পারভীন, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বিপিআই, ঢাকা।
- ৪। বেগম দিলারা চৌধুরী, সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বিপিআই, ঢাকা।

সম্মুখ সভা